



বগুড়ার মানুষই প্রমাণ দেবে, এটি বিএনপির দুর্গ: তারেক রহমান



বগুড়া নির্বাচনী জনসভায় বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। ছবি: সংগৃহীত

বগুড়ার মানুষ ভোটের মাধ্যমে আবারও প্রমাণ দেবে এ জনপদ বিএনপির অটুট ঘাঁটি। এমন প্রত্যাশা ব্যক্ত করেছেন বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। শুক্রবার (৩০ জানুয়ারি) দুপুরে শিবগঞ্জ উপজেলার মোকামতলা বাসস্ত্যান্ডে আয়োজিত এক পথসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বগুড়াকে বিএনপির ঘাঁটি হিসেবে সারা দেশ জানে। তবে এবার মানুষ দেখিয়ে দেবে, এটি শুধু ঘাঁটি নয়, বরং দলের সবচেয়ে শক্ত ভিত্তির জায়গা। তিনি আরও বলেন, ধানের শীষ প্রতীক নিয়ে যখনই জনগণের রায়ে সরকার গঠনের সুযোগ এসেছে, তখনই দেশ ও স্থানীয় এলাকার উন্নয়নে কাজ করা হয়েছে। ভবিষ্যতেও সেই ধারাবাহিকতা রাখতে বিএনপি প্রতিশ্রুতিবদ্ধ। বগুড়াবাসীর উদ্দেশে নিজেকে এ এলাকার সন্তান উল্লেখ করে তারেক রহমান সবার দোয়া চান। পরে তিনি রংপুরে গিয়ে জুলাই গণঅভ্যুত্থানে নিহত আবু সাঈদের কবর জিয়ারত করেন এবং রংপুর ঈদগাহ ময়দানে আয়োজিত জনসভায় যোগ দেওয়ার কথা রয়েছে।